আমার বাড়ি

জসীম উদ্‌দীন

## ১নং সৃজনশীল প্রশ্নঃ

১। মিরাজ তার গ্রামের বিভিন্ন ঐতিহ্যর বর্ণনা দেয় অনেকের কাছে। তার গ্রামে পুরাকীর্তি আছে। মাটি খুড়ে বিভিন্ন শিলালিপিও পাওয়া গেছে প্রাচীন মসজিদ আছে অনেক পুরনো একটি বটগাছ আছে। এগুলো দেখতে দুর দুরান্ত থেকেমানুষ আছে।

ক. আমারবাড়ি কবিতায় কবি কোনধরনের খই দিতে চেয়েছেন?

খ. গ্রাম দেখতে যাওয়ার পেছনে কবি কী বোঝাতে চেয়েছেন?

গ. উদ্দীপকে বর্ণিতঘটনা কবিতায় কোন বিশেষ দিকের সাদৃশ্য তুলে ধরে তা লেখ।

ঘ. উদ্দীপকটি কবিতার পূর্ণাঙ্গ অংশ নয় উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর।

## ২ নং সৃজনশীল প্রশ্নের উত্তরঃ

ক. আমার বাড়ি কবিতায় কবি বিন্নি ধানের খই দিতে চেয়েছেন।

খ. গ্রাম দেখতে যাওয়ার পেছনে কবি তার গ্রামের মাধ্যমে আবহমান গ্রামীন সৌন্দর্যকে বোঝাতে চেয়েছেন।

কবি তার বন্ধু বা প্রিয়জনকে গ্রামের সৌন্দর্য দেখার জন্য বলেছেন। তার গ্রামটি আবহমান গ্রামীণ সৌন্দর্যের একটি উপাদান্। এমন গ্রাম বাংলাদেশে অনেক আছে যেগুলো সৌন্দর্যের লীলাভুমি। সেই আবহমান গ্রামীন সৌন্দর্যকে বোঝাতে কবি তার গ্রাম দেখতে যেতে বলেছেন।

গ. উদ্দীপকে বর্ণিত ঘটনা কবিতায় ঐতিহ্যগত দিকেরসাদুশ্য আছে।

আমার বাড়ি কবিতায় কবি তার বন্ধু বা প্রিয়জনকে নিজের গ্রামের বাড়ির সৌন্দর্য ও ঐতিহ্যের বর্ণনা দিচ্ছেন। কবি তার বন্দুকে শালি ধানের চিড়া কবরীকলা গামছা বাধা দুই খেতেদেবেন। কাজল কালো দিঘির  জল দিঘির জলে হাস ইতাদি দৃশ্য চোখে পড়বে। এগুলো গ্রাম বাংলার চিরন্তন ঐতিহ্য।

উদ্দীপকে মিরাজ তার গ্রামের বিভিন্ন ঐতিহ্যর বর্ণনা দেয় অনেকের কাছে । তার গ্রামে পুরাকীর্তি আছে মাটি খুড়ি বিভিন্ন শিলালিপি পাওয়া গেছে্ প্রাচীন মসজিদ ও পুরানো বটগাছ আছে। দুর দুরান্ত থেকেমানুষ এগুলো দেখতে আসে। এসবঐতিহ্যর অংশ। ঐতিহ্যগত এই বিশেষ দিকটিতে উদ্দীপকের সাথে কবিতার সাদৃশ্য আছে।

ঘ. উদ্দীপকটি কবিতার পূর্ণাঙ্গ অংশ নয় উক্তিটি যথার্থ।

পল্লিকবি জসীম উদ্দিন রচিত আমার বাড়ি কতির তার বন্ধু বা প্রিয়জনকে তার গ্রামের  বাড়িতে যাবার নিমন্ত্রণজানিয়েছেন। সেখানে বন্ধুর জন্য অনেক কিছু আপ্যায়নের জন্য রাখা হয়েছে। শালিধানের চিড়া বিন্নি ধানের খই বাড়ির গাছের কবরী কলা গামছাবাধা দই ইত্যাদি রাখা আছে ঐ বন্ধুটির জ ন্য। বন্ধুরসাথে সারাদিন খেলা করতে চান। দুজনে দিঘির কালো জল হাসের খেলা দেখতে দেখতে সময় কাটাবেন।

উদ্দীপকে মিরাজ তার গ্রামের বিভিন্ন ঐতিহ্যর বর্ণনা দেয় অনেকের কাছে। তার গ্রামে পুরাকীর্তি আছে মাটি খুড়ে শিলালিপি পাওয়া গেছে। প্রাচীন মসজিদ আছে আছে পুরনো বটগাছ। এগুলো দেখতে দুরদুরান্ত থেকে অনেক মানুষ আসে। মিরাজের গ্রাম ঐতিহ্যগতভাবে গুরুত্বপূর্ণ। কবিতায় প্রিয়জনকে নিমন্ত্রনের জন্য আহবান করার পর তার জন্য নানা আয়োজনের বর্ণনা  দেওয়া হয়েছে। দুজনের সময় কীভাবে ভালো কাটবে যে বর্ণনা দেওয়া হয়েছে। উদ্দীপকে মিরাজের গ্রামের ঐতিহ্যগত বর্ণনা থাকলেও অন্যান্য বর্ণনা নেই। সুতরাং উদ্দীপকটি কবিতার পূণাঙ্গ অংশ নয়। উক্তিটি যথার্থ।

## ২নং সৃজনশীল প্রশ্নঃ

রজব আলী বহুদিন ধরে শহরের বাসিন্দা। গ্রামের স্মৃতি তাকেখুব টানে কিন্তু তিনি যেতে পারেন না বাস্তবতার জন্য। প্রায় দিনই ঘুমের মধ্যে স্বপ্ন তিনি গ্রামে চলে যান। ঘুম ভাঙলে তার কষ্ট বাড়ে। কে যেন তাকে গ্রামে যেতে আহবান করে। তিনি ভাবেন তার ফেলে আসা দিনগুলো বন্ধুর মতো তাকে আহবান করে গ্রামে যেতে।

ক. কবি জসীমউদ্দীন রচিত নাটকের নাম লেখ।

খ. কাজলা দিঘি বলতে কীবুঝায়?

গ. উদ্দীপকের প্রেক্ষাপট কবিতার সাথে কী ধরনের সাদৃশ্য তৈরি করেছে বিশ্লেষন কর।

ঘ. উদ্দীপকটি কবিতারসাথে বড় ধরনের পার্থক্য তৈরি করেছে উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর।

## ২নং সৃজনশীল প্রশ্নের উত্তরঃ

ক. কবি জসীম উদ্দীন রচিত নাটক বেদের মেয়ে।

খ. কাজলা দিঘি বলতে কাজলের মতো কালো জলের দিঘিকে বোঝানো হযেছে।

কাজলা দিঘি শব্দ দুটি গঠিত হয়েছে কাজল এর উপমা ব্যবহার করে। কাজলা দেখতে কালো যা মেয়েরা পরে বা শিশুদের কপালে মায়েরা পরিয়ে দেয়। এই কাজল এর মতো কালো দিঘির জলকে বোঝাতে কাজলা দিঘি বোঝানো হয়েছে।

গ. উদ্দীপকের প্রেক্ষাপট কবিতা সাথেবন্ধুত্বের আহবানের চিরন্তন শেকড়ের টানের দিক থেকে সাদৃশ্য তৈরি করেছে।

পল্লিকবি জসিম উদ্দীন রচিত আমার বাড়ি কবিতায় কবি তার বন্ধু বা সুহৃদকে নিজের গ্রামের বাড়িতে যাওয়ার নিমন্ত্র্যণ জানিয়েছেন। তাকে আপ্যায়নের জন্য নিজেরবাড়ির খাধ্য উপাদানগুলোর বর্ণনা  দিয়েছেন। কবি বন্ধুর সাথে কিছু শান্তিপূর্ণ সময় কাটাতে চান্ মানুষের চিরন্তন অনুভুতিতে শেকড়ের অনিবার্য টানই কবিতার বক্তব্য।

উদ্দীপকে রজব আলী বহুদিন ধরে শহরে থাকে কিন্তু গ্রাম তাকে খুব টানলেও বাস্তবতার জন্য তিনি যেতে পারেন না। প্রায়ই ঘুমের ঘোরে তিনি গ্রামে চলে যান। ফেলে আসা দিনগুলোকে বন্ধুর মতো আহবান করে গ্রামে যেতে। কবিতার বন্ধুকে কবি যেভাবে নিমন্ত্রণ করেছেন সেখানে শেকড়ের টান আছে। একই টান লক্ষনীয় উদ্দীপকেও এবং সাদৃশ্য সেখানেই।

ঘ. উদ্দীপকটি কবিতার সাথে বড় ধরনের পার্থক্য তৈরি করেছে উক্তিটি পল্লি জসীম উদ্দীন রচিত আমারবাড়ি কবিতাটি মানুষের জীবনের চিরন্ত্রন অনুভুতি নিয়ে রচিত। কবি তার বন্ধু বা সুহৃদকে তার গ্রামের বাড়িতে নিমন্ত্রণ জানিয়েছেন। বন্ধুর জন্য শালিধানের চিড়া গামছা বাধা দুই বিন্নি ধানের খই কবরী কলা ইত্যাদি রেখেছেন। গ্রামীন সংস্কৃতির চিরন্তন স্বাদ নিতে শেকড়ের টানে কবি ও তার  বন্ধুর বর্ণনা কবিতায় অন্যমাত্রা এনেছে।

উদ্দীপকেরজব আলী শহরে দীর্ঘদিন ধরে থাকলেও গ্রাম তাকে খুব টানে। বাস্তবতার জন্য তিনি যেতে পারেন না। প্রায়ই ঘুমের ঘোরে গ্রামে চলে যান তিনি। ফেলে আসা দিনগুলো তাকে বন্ধুর মতো আহবান করে গ্রামে যেতে।

কবিতায় বন্দুকে নিমন্ত্রণ ও তার জন্য আয়োজনের বর্ণনা আছে। উদ্দীপকে রজব আলী স্মৃতি তাকেগ্রামের দিকে আহবান করে। কবিতার প্রেক্ষাপটের সাথে উদ্দীপকে পার্থক্য আছে বিষয় ও বর্ণনাতে। অতএব উদ্দীপকটি কবিতার সাথে বড় ধরনের পার্থক্য তৈরি করেছে উক্তিটি যথার্থ।

## জ্ঞানমূলক প্রশ্নের উত্তরঃ

**প্রশ্নঃ ১। সকালে ঘুম ভাঙ্গবে কিসের শব্দ  শুনে?**

উত্তরঃ সকালে ঘুম ভাঙ্গবে গাভীর দুধ দোহনে শব্দ শুনে।

**প্রশ্নঃ ২। বুকে কী ফুলের মালা জড়িয়ে দেওয়াহবে।**

উত্তরঃ বুকে তারা ফুলের মালা ছড়িয়ে দেওয়া হবে।

**প্রশ্নঃ ৩। সারা রাত বাতাস করা হবে কী দুলিয়ে?**

উত্তরঃ সারা রাত বাতাস করা হবে গাছের শাখা দুলিয়ে

**প্রশ্নঃ ৪। ভোমরকে বসতেকী দেওয়াহবে?**

উত্তরঃ ভোমরকে বসতে পিড়ে দেওয়া হবে।

**প্রশ্নঃ ৫। জসীম উদ্দীন কোথায় মৃত্যুবরণ করেন।**

উত্তরঃ জসীম উদ্দীন ঢাকায় মৃত্যবরণ করেন।

**প্রশ্নঃ ৬। আমার বাড়ি কবিতাটির রচয়িতা কে?**

উত্তরঃ আমার বাড়ি কবিতাটির রচয়িতা জসীম উদ্দীন।

**প্রশ্নঃ ৭। জসীম উদ্দিন কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহন করেন**

উত্তরঃ জসীম উদ্দিন ১৯০৩ খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন।

**প্রশ্নঃ ৮। শালি ধান কী?**

উত্তরঃ শালি ধান হলো হেমন্ত কালে উৎপাদিত আমন ধান।

প্রশ্নঃ ৯। আমার বাড়ি কবিতাটি জসীম উদ্দিনের কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত?

উত্তরঃ আমার বাড়ি কবিতাটি জসীম উদ্দিনের হাসু কাব্যগ্রন্থ থেকে সংকলিত।

প্রশ্নঃ ১০। আমার বাড়ি কবিতায় কবি কোনো ধানের খই দিতে চেয়েছেন?

উত্তরঃ আমারবাড়ি কবিতায় কবি বিন্নি ধানের খই দিতে চেয়েছেন

## অনুধাবনমূলক প্রশ্নের উত্তরঃ

**প্রশ্নঃ ১। মৌরি ফুলের গন্ধ শুকে রথ থামানো হবে কেন?**

উত্তরঃ কবির বাড়িতে বন্ধু পৌছালে সুগন্ধি মৌরি ফুলের গন্ধ শুকিয়ে রথ থামানো হবে।

আমারবাড়ি কবিতায় জসীম উদ্দীনের বাঙালির আপ্যায়নের বর্ণনা দিয়েছেন। কবিতায় কবি তারবন্ধকে নিমন্ত্রণ করেন। বন্ধুকে খুশি করার জন্য কবি নানা আয়োজনের ব্যবস্থা করেছেন। কবির বাড়িতে বন্ধু পৌছালে সৌজন্য স্বরুপ তাকে ফুলের শুভেচ্ছা জানাবেন। তাই রথে চড়া বন্ধুকে মৌরি ফুলের গন্ধ শুকিয়ে থামানোর জন্য কবি উম্মুখ হয়ে আছেন।

**প্রশ্নঃ ২। আমার বাড়ি কবিতায় বন্ধুর সাথে কবি আম কাঠালের বনে আচল পেতে শুয়ে থাকবেন কেন?**

উত্তরঃ প্রকৃতির সান্নিধ্যে বন্ধুর প্রাণ জুড়াবে বলে কবি আম কাঠালের বনে আচল পেতেশুয়ে থাকবেন।

আমার বাড়ি কবিতায় পল্লির মানুষের আতিথেয়তা ও প্রকৃতির অপরুপ বর্ণনার চিত্র লক্ষ করা যায়। কবিতায় কবি তার প্রিয়জনকে নিমন্ত্রণ করেন। বন্ধু বলে তাকে আম কাঠালের বনে আচল পেতে বিশ্রাম করাবেন্ গাছের ছায়া ও প্রকৃতির সান্নিধ্য লাভে বন্ধুর মন জুড়াবে। কেননা প্রকৃতিও বন্ধুকে আপ্যায়নে উম্মুখ হয়ে আছে। তাই বন্ধুর প্রাণ জুড়ানোর জন্য কবি আম কাঠালের বনে আচল পেতে শুয়ে থাকবেন।

**প্রশ্নঃ ৩। তারা ফুলের মালা গাথি**

জুড়িয়ে দেব বুকে। এই পঙক্তিতে দ্বারা কী বোঝানো হয়েছে?

উত্তরঃঅতিথিকে বরণ করে দেবার জন্য কবি তারা ফুলের মালা বুকে জড়িয়ে দেবেন।

আমারবাড়ি কবিতায় বাঙালির আতিথেয়তার পরিচয় পাওয়া যায়। অতিথি আপ্যায়ন বাঙালির অনেক সুনাম আছে। কবিতায় দেখি কবি তার বন্ধুকে বরণ করে নেওয়ার জন্য উদগ্রীব। অতিথিকে তৃপ্ত করতে সব রকম আয়োজন কবি ব্যস্ত। তাই প্রকৃতির নিদর্শন তারা ফুল দিয়ে কবি তার বন্ধুকে সাদরে বরণ করে নেবেন।

**প্রশ্নঃ ৪। তোমার ব াড়িতে অতিথি এলে কীভাবে তার যত্ন নেওয় াহয় বর্ণনা কর।**

উত্তরঃ আমার বাড়িতে অতিথি এলে যেভাবে তার যত্ন নেয়া হয় নিচে তার বর্ণনা দেওয়া হয়।

বাড়িতে অতিথি এলে প্রথমেই তারকুশল বিনিময় করি। অতিথি আসলে বাড়িতে বিভিন্ন ধরনের খাবারের আয়োজন করা হয়। তার থাকার জন্য সুন্দর বন্দোবস্ত করা হয। অতিথি যতদিন থাকে ততদিন তাকে গ্রামের বিভিন্ন জিনিস ঘুরিয়ে দেখানোহয়। অতিথি চলে যেতে চাইলে তাকে বিভিন্ন রকম উপহার দিয়ে বিদায় জানানো হয়।

**প্রশ্নঃ ৫। কাজলা দিঘি বলতে কী বোঝানো হয়েছে?**

উত্তরঃ  কাজল দিঘি বলতে কাজলের মতো কালো জলের দিঘিকে বোঝানো  হয়েছে।

কাজলা দিঘি শব্দ দুটি গঠিত হয়েছে কাজল এর উপমা ব্যবহার করে। কাজল দেখতে কালো যা মেয়েরা পরে বা শিশুদের কপালে মায়েরা পরিয়ে দেয়। এই কাজল এর মতো কালো দিঘির জলকে বোঝাতে কাজলা দিঘি বোঝানো হয়েছে।

## অতিরিক্ত সৃজনশীল প্রশ্নঃ

**১। নিচের উদ্দীপকটি  পড় এব প্রশ্নগুলোর উত্তরঃ**

আজকে সকালে এই গ্রাম দেখে পলক পড়ে না চোখে।
নদীর কিনারে ঘন বনের ধারে আমবস্যর দিঘির পাড়ে
আম জাম কাঠালের মিনারে মিনারে
ধানক্ষেত ঘেরা সীমানাহীন মাঠে মাঠে
এই  সব ছোট ছোট গ্রাম
আমার দেশের নাম খোদা তার সোনার ফলকে।
আমার সোনার দেশ
সোনা হল এই সবগ্রামে গ্রামে।

ক. কবি কার  সঙ্গে খেলা করবেন?

খ. কবি অতিথি আপ্যয়ন করতে চান কী ভাবে ? ব ুঝিয়ে লেখ

গ. উদ্দীপকের  সাথে অ ামার  বাড়ি কবিতার সাদৃশ্য নির্ণয় কর।

ঘ. বিষয়গত সাদৃশ্য থাকলেও উদ্দীপক ও আমার  বাড়ি কবিতার চেতনা বৈসাদৃশ্য বিদ্যমান। মন্তব্যটির যথার্থতা নিরুপন কর।

**২।। নিচের উদ্দীপকটি  পড় এব প্রশ্নগুলোর উত্তরঃ**

আজ আমাদের আলসের কমবিমুখতার পৌরষের অভাবেই  আমরা হয়ে আছি সকলের চেয়ে দীন। যে বাঙালি সারা পৃথিবীর লোককে দিনের পর দিন নিমন্ত্রণ করে খাওয়াতে পারে তারা ই আজ হচ্চে সকলের

দ্বারে ভিখারি। যারা ঘরের পাশে পাহাড়ের অজগর বনের বাঘ নিযে বাস করে তারা আজ নীরবে বিদেশির দাসত্ব করে। শুনে ভীষন ক্রোধে হাত মুষ্টিবন্ধ হযে ওঠে

ক. জসীমউদ্দিন কত সালে জন্মগ্রহন করেন?

খ. কবি তার বন্ধু বা প্রিয়জনকে গামছা বাধা দই খেতে দিতে চেয়েছেন কেন?

গ. উদ্দীপকে ব াঙালি জাতির পৃথিবীর লোকদের নিমন্ত্রন করে খাওয়ানের চেতনায় আমার ব াড়ি কবিতার কোন দিকটি প্রতিফলতি হযেছে ব্যাখ্যা কর্

ঘ. প্রতিফলিত দিকটি ছাড়াও আমার বাড়ি কবিতারয় বিস্তৃত বর্ণনা রয়েছে মন্তব্যটি বিশ্লেষণ কর।

৩। **। নিচের উদ্দীপকটি পড় এব প্রশ্নগুলোর উত্তরঃ**

আমাদের ছোটো গ্রাম মাযের সমান/ আলো দিয়ে ব ায়ু দিযে বাচাইছে প্রাণ।

মাঠভরা ধার আর জল ভরা দিঘি/ চাদের কিরণ লেগে করে ঝিকিমিকি।

আমগাছ জামগাছ বাশঝড় যেন মিলেমিশে আছে ওরা আত্মীয় হোন।

ক. কবি তার অতিথিকে কীসে বসতে দেবেন?

খ. কবি বন্ধু বা প্রিয়জনকে ভোমর বলে সম্বোধন করেছেন কে?

গ. উদ্দীপকে বর্ণিত আবহাওয়া আমার বাড়ি কবিতার কোন দিকটি নির্দেশ করে ব্যাখ্যা কর্

ঘ. মিলেমিশে আছে ওরা আত্মীয় হেন উদ্দীপকের এ চরণটি আমার বাড়ি কবিতার সমগ্রভাবে ধারনে কতটুকু সমথ? তোমার মতামত দাও।

৪। **। নিচের উদ্দীপকটি পড় এব প্রশ্নগুলোর উত্তরঃ** প্রিয় জেসিকা

প্রীতিও শুভেচ্ছা নিও। অ াশা করি ভালো আছো আমিও ভালো আছি। সাম্প্রতিক সময়ে বাংলাদেশ বেম কিছু ঘৃনিত ঘটেচে যার সঙ্গে মোটেও এ দেশের শান্তিপ্রিয় মানুষ জাতি না। এদেশের মানুষ সব সময়ই অতিথি অপ্যায়নে সচেতন। ত্াই বিদেশ বন্ধুদের এদেশ ভ্রমণ করত কোনো সমস্যা হওয়ার কথা নয়। এ দেশের সাধারন মানুষ আইনশৃঙ্গল বাহিনী সরকার সব্াই বিদেশী বন্ধুরে নিরাপত্তার ব্যাপারে অঙ্গীকারবদ্ধ। ত্াই তোমার কাছে আমার অনুরোধ নিদ্বির্ধায় তুমি বাংলাদেশ এসো অনেক মজা হবে।

ইতি

তোমার বন্ধু

শাফির

ক. কবি তার বন্ধুকে কী কল াখেতে দেবেন?

খ. কবি তার বন্ধুকে সঙ্গে সারা দিন খেলা করবেন কেন?

গ. উদ্দীপকে শাফিনের বক্তব্যে আমার বাড়ি কবিতার কোন ভাবের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর।

ঘ. এ দেশের মানুষ সব সময়ই অতিথি আপ্যায়ন সচেতন উদ্দীপকের এ চরণটি যেন আমার বাড়ি কবিতার ভাবার্থ মন্তব্যটির যর্থাথতা বিচার করে।

আমার বাড়ি

১। কবি জসীমউদ্দিন কোন জেলা জন্ম গ্রহন করেন?

ক, ফরিদপু খ. শরীয়তপুর

গ. গোপালঞ্জ ঘ. রাজবাড়ী

২। কবি জসীমউদ্দিনের নাটক নিচের কোনটি?

ক. এক পয়সার বাশী

খ. সোজন বাদিয়ার ঘাট

গ. বেদের মেয়ে

ঘ. নক্সী কাথার মাঠ

৩। কবি জসীম উদ্দিন কত সালে জন্মগ্রহণ করেন?

ক ১৯০১ খ. ১৯০২

গ. ১৯০৩ ঘ.১৯০৪

৪। কবি জসীম উদ্দিনের হাসু গ্রন্থটি কোন ধরনের?

ক. কাহিনী কাব্য খ. উপন্যাস

গ. শিশুতোষ গ্রন্থ ঘ. নাটিকা

৫। নিচের কোনটি জসীমউদ্দিনের কাহিনীকাব্য?

ক. রাখালী খ. বালুচর

গ. নক্সী কাথার মাঠঘ. বেদের মেয়ে

৬। কবি সজসীমউদ্দিনের মৃত্যু কোথায় হয়?

ক. ঢাকায় খ. ফরিদপুর

গ. রাজজবাড়িতে ঘ. শরীয়তপুর

৭। কবি আমাদের বাড়ি কবিতায় ভোমরকে কিসে বলতে দেওয়ায় কথা বলেছেন?

ক. চেয়ার খ. পিড়ে

গ. মোড়া ঘ. পাটি

৮। কবি জসীমউদ্দিন ভোরকে কী ধানের খই খেতে দেবেন?

ক. বিণ্নি ধান খ. শালি ধান

গ. ইরি ধান ঘ. বোরাধান

৯। কবি আমার বাড়ি কবিতায় কোন ফলের কথা উল্লেখ করেছেন?

ক. জাম লিচু খ. আম কাঠাল

গ. কমলা পিয়ারা ঘ. আনারস বেদানা

১০। কবি জসিমউদ্দিন ভোমরকে কিসের মালা গেথে দেবেন?

ক. তারা ফুলের মালা

খ. বেলি ফুলের মালা

গ. বকুল ফুলের মালা

ঘ. গোলাপ ফুলের মালা

১১। কবি জসমী উদ্দিন ভোমরকে কখন জাগতে বলেছেন?

ক. রাত্রিবেলা খ. বিকেলবেলা

গ. দুপুর বেলা ঘ. সকাল বেলা

১২। কবি কোন মুখে চাদের ুচমোদিতে চেয়েছেন?

ক. চাদ মুখ খ. সোনা মুখ

গ. রঙিন মুখ ঘ, মলিন মুখ

১৩। কাজল দিঘির জল কেমন?

ক. গাঢ় কালো খ. স্বচ্ছ

গ. কাজল ঘ. হালকা সবুজ

১৪। আমার বাড়ি কবিতায় কাজলা দিঘিতে কী ভাসে?

ক. হাস খ. মাছ

গ. কচুরিপানা ঘ. শ্যাওলা

১৫। কবি জসমীউদ্দিন ভোমরকে কোথায় যেতে নিয়ন্ত্রণ করেছেন?

ক. বেলি ফুল খ. রজনীগন্ধা

গ. মৌরি ফুল ঘ. বকুল ফুল

১৬। কবি জসীমউদ্দিন ভোমরকে কোথায় যেতে নিয়ন্ত্রণ করেছেন?

ক. নিজের বাড়িতে খ. আত্মীয় বাড়িতে

গ. মামারবাড়িতে ঘ. নিজের গ্রামে

১৭। আমার বাড়ি কবিতায় কবি ভোমরকে পিড়ের বসতে দিয়ে কী করবেন?

ক. ভাত খাওয়াবেন খ. জলপান করাবেন

গ. গল্প করবেন ঘ. গান শোনাবেন

১৮। আমার বাড়ি কবিতায় কবি কোন ফুলের হাসির কথা বলেছেন?

ক. ডালিম ফুল খ. জবা ফুল

গ. কদম ফুল ঘ. তারা ফুল

১৯। কবি ভোমরকে কোথায় আচল পেতে শুতে বলেছেন?

ক. বনের ধারে খ. পুকুর পাড়ে

গ. খেতের ধারে ঘ. বাড়ির ধারে

২০। নিচের কোন শব্দটি ঠিক?

ক. শালীধান　　খ. সালি ধান

গ. শালি ধান　　ঘ. সালী ধান

২১। শালি ধান অর্থ কী?

ক. বিন্নি ধান

খ. একপ্রকার আমন ধান

গ. বোরো ধান

ঘ. আউশ ধান

২২। ভ্রমর শব্দের কথ্যরুপ কী?

ক. মৌমাছি　　খ. ভোমর

গ. ভোমরা　　ঘ. ভমর

২৩। কবরী কলা কিসের জন্য বিখ্যাত?

ক. রঙের জন্য　　খ. স্বাদের জন্য

গ. দামের জন্য　　ঘ. মিষ্টির জন্য

২৪। আমার বাড়ি কবিতাটি কবি জসীমউদ্দিনের কোন কাব্যগ্রন্থের অন্তগর্ত?

ক. রাখালী　　খ. বালুচর

গ. হাসু　　ঘ. এক পয়সার বাশি

২৫। কিসে বাঙালির সুনাম রযেছে?

ক. অতিথি আপ্যায়ন　খ. অতি ভোজনে

গ. রসিকতায়　　ঘ. উদারতায়

২৬। কারা অতিথির আপ্যায়ন উম্মুখ হযে থাকে?

ক. গাছ ফুল ও পাখি　খ. কবির গ্রামের মানুষ

গ. কবির আত্মীয়স্বজন　　ঘ. কবির ছেলেরা

২৭। কবি জসমীউদ্দিন ভোমরকে কী আপ্যায়ন করাতে চান?

ক. গামছা বাধা দই　　খ. পুকুরের মাছ

গ. শীতের পায়েস　　ঘ. গ্রামীণ শাকসবজি

২৮। কিসের সান্নিধ্যে অতিথির প্রাণ জুড়াবে?

ক. প্রকৃতির　　খ, মাঠের

গ. শীতের　　ঘ. স্নিদ্ধ রাতের

২৯। কবি জসীমউদ্দিনের কবিতায় পল্লির মানুষ ও প্রকৃতির রুপ ফুটে ওঠার কারণ?

ক. নিজের গ্রামকে ভালোবাসেন

খ. গ্রামীণ সংস্কৃতির প্রতি দুর্বলতা

গ. পল্লির সাথে নিবিড় সম্পর্ক

ঘ. প্রকৃতির প্রতি দূর্বলতা

৩০। পল্লির মাটি ও মানুষের সঙ্গে তার কবি হৃদয় যেনএক হয়ে মিশে আছে। উক্তিটি দ্বারা বোঝানো হয়েছে।

ক. কবির পল্লিভাবনা

খ. কবির গ্রামীণ ভাবনা

গ. পল্লির সাথে কবির অবিচ্ছেদ্য সম্পর্ক

ঘ. মাটি ও মানুষের প্রতি আগ্রহ

৩১। আমার বাড়ি কবিতায় অতিথি আপ্যায়নের ক্ষেত্রে বোঝানো হয়েছে?

ক. অতিথি সেবা

খ. গৃহস্থের ঔদাসীন্য

গ. অতিথির বিশ্রামও আনন্দের জন্য গৃহস্থের আন্তরিক প্রয়াস

ঘ. গ্রামকে ভালোবাসা

৩২। কবি জসমীউদ্দিন ভোমরকে কেন নিজের বাড়িতে নিমন্ত্রণ করেন

ক. রাজনৈকি কারণে

খ. সামাজিক কারণে

গ. সাংস্কৃতিক কারণে

ঘ. পল্লির আতিথেয়তা ও প্রকৃতি দেখানোর জন্য

৩৩। জলপান যে করতেদেব শালি ধানের চিড়ে বলতে আমরা বাড়ি কবিতায় বোঝানো হয়েছে?

ক. গ্রামীণ সাংস্কৃতি　　খ. পারিবাকি ঐতিহ্য

গ. অতিথি আপ্যায়ন　ঘ, ধান চিড়ার বর্ণনা

৩৪। আমার বাড়ি কবিতায় পল্লি গ্রামের নিদর্শন বলতে বোঝায়

ক, কাজল দিঘি　　খ. লাঙ্গল

গ. পিঠাগুলি　　ঘ. কাস্তে

৩৫। আম কাঠালের বনের ধারে বাক্যটির মাঝে লুকিয়ে আছে

i. প্রাকৃতিক সৌন্দর্য

ii. বনের নৈসর্গ

iii. গ্রামীণ প্রকৃতি

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii　　(খ) i ও iii

(গ) ii ও iii　　(ঘ) i, ii ও iii

৩৬। ফুল শব্দের সমার্থক শব্দ নয়

i. বাগিচা

ii. কুসুম

iii. কানন

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii　　(খ) i ও iii

(গ) ii ও iii　　(ঘ) i, ii ও iii

৩৭। বাড়ি শব্দের প্রতিশব্দ হলো

i. ঘর

ii. আবাস গৃহ

iii. বাসস্থান

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii　　(খ) i ও iii

(গ) ii ও iii　　(ঘ) i, ii ও iii

৩৮। আমার বাড়ি কবিতায় চাদমুখ বলতে বোঝায়?

i. আদরমাখা মুখ

ii. চাদের ন্যায় মুখ

iii. স্নেহভরা মুখ

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii　　(খ) i ও iii

(গ) ii ও iii　　(ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাওঃ

প্রিয় রাসেল শীতের ছুটিতে তুমি অ ামাদের গ্রামের বাড়িতে এসো মা তোমার জন্য খেজুর রসের পায়েস আর চিতই পিঠা তেরিকরবে। তুমি অবশ্যই আসবে। ইতিতোমার বন্ধু হাসান

৩৯। উদ্দীপকের রাসেলের সঙ্গে আমার বাড়ি কবিতার কোন চরিত্রের মিল রয়েছে?

ক. কবি　　খ. ভোমর

গ. আকাশ　　ঘ. সবুজ

৪০। উদ্দীপক ও আমার বাড়ি কবিতায় মানবচরিত্রের যে দিকটি তুলে ধরা হয়েছে

i. গ্রামে যাওয়ার নিমন্ত্রণ

ii. আতিথেয়তা

iii. সংকীর্ণতা

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii　　(খ) i ও iii

(গ) ii ও iii　　(ঘ) i, ii ও